# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮৯

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - নাক্বী‘ ও নবীয সম্পর্কীয় বর্ণনা

بَابُ النَّقِيعِ وَالْأَنْبِذَةِ

---

আরবী

وَعَن جابرٍ قَالَ: كَانَ يُنْبَذُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سِقَائِهِ فَإِذَا لَمْ يَجِدُوا سِقَاءً يُنْبَذُ لَهُ فِي تَوْرٍ مِنْ حِجَارَةٍ. رَوَاهُ مُسلم

বাংলা

৪২৮৯-[৪] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য মশকে নবীয প্রস্তুত করা হত। যখন তারা তা না পেত, তখন পাথর নির্মিত পাত্রে নবীয তৈরি করা হত। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (১৯৯৯)-৬২, নাসায়ী ৫৬৪৭, ইবনু মাজাহ ৩৪০০, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০০৯, আবূ দাঊদ ৩৭০২, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ১৬৯৩৫, মুসনাদে আহমাদ ১৫১৬২, মুসনাদে আবূ ইয়া‘লা ১৭৬৯, সহীহ ইবনু হিব্বান ৫৪১২, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৫১৫৭, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮১০৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৭৯৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (تَوْرٍ) ছোট পাত্র, যা দ্বারা পান করা হয় অথবা উযূ করা হয়।

ইবনু মালিক (রহিমাহুল্লাহ) বলেনঃ এটা বদনা যা কেতলির সাদৃশ্য তা হতে পান করা হয়। নিহায়াতে বলা হয়েছে, ছোট পাত্র যা কাপড় ধুইতে ব্যবহার করা হয়। কামূস অভিধানে এসেছে, এমন পাত্র যা হতে শুধুমাত্র পুরুষেরাই পান করে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন